

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 16 April, 2025

রাজধানীর ডেমরার স্টাফ কোয়ার্টার থেকে বড়ভাঙা যাওয়ার পথে অটোরিকশায় এক নারী যাত্রীর সঙ্গে ‘অশোভন অঙ্গভঙ্গি’ করার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার ( ১৬ এপ্রিল) সকালে বাংলাদেশ পুলিশের ভেরিফায়েড ফেসবুক পেজে এক পোস্টে এ তথ্য জানানো হয়।

ওই পোস্টে বলা হয়, সিদ্ধেশ্বরী গার্লস কলেজের এক শিক্ষার্থী গত ১৪ এপ্রিল তার ফেসবুক পেজে দুটি ভিডিও পোস্ট করেন। ভিডিওতে দেখা যায়, একটি অটোরিকশায় তার মুখোমুখি বসা এক বয়স্ক ব্যক্তি বারবার অশোভন অঙ্গভঙ্গি করছেন।

ওই ছাত্রী জানান, তিনি ডেমরার স্টাফ কোয়ার্টার থেকে বড়ভাঙা যাওয়ার জন্য অটোরিকশায় উঠেছিলেন এবং সে সময় এ ঘটনা ঘটে। অটোরিকশা থেকে নামার পর তিনি ওই ব্যক্তিকে এ বিষয়ে জিজ্ঞাসা করলে তিনি ঘটনাটি অস্বীকার করেন।

পুলিশের ফেসবুক পোস্টে আরও জানানো হয়, ভিডিও দুটি ইতোমধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে। পুলিশ ঘটনাটি তদন্ত করে উক্ত ব্যক্তিকে শনাক্ত করে এবং তাকে গ্রেফতার করে। অভিযুক্তের বিরুদ্ধে মামলা হয়েছে।

পুলিশ জানিয়েছে, নারী নির্যাতন প্রতিরোধে পুলিশ হেডকোয়ার্টার্সের হটলাইন নম্বর চালু রয়েছে। হটলাইন নম্বরগুলো হলো: ০১৩২০০০২০০১, ০১৩২০০০২০০২, ০১৩২০০০২২২২। এ নম্বরগুলো ২৪ ঘণ্টাই সচল রয়েছে।

পুলিশ অটোরিকশা রাজধানী অঙ্গভঙ্গি